

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ২৭, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ: ১১ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৬ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও নং-৪০০-আইন/আয়কর-৫৪/২০২৪।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, যে সকল ব্যক্তি বা কোম্পানির নবায়নযোগ্য জ্বালানি নির্ভর প্রকল্প বা বিদ্যুৎ কেন্দ্রের বাণিজ্যিক উৎপাদন ১ জুলাই, ২০২৫ তারিখ হইতে ৩০ জুন, ২০৩০ তারিখের মধ্যে আরম্ভ হইবে, সে সকল প্রকল্প বা বিদ্যুৎ কেন্দ্রের বাণিজ্যিক উৎপাদন আরম্ভ হইতে ১৫ (পনের) বৎসরের জন্য, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, নিম্নবর্ণিত সারণী মোতাবেক উক্ত আইনের অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

সারণী

কর অব্যাহতির মেয়াদ	কর অব্যাহতির হার
বাণিজ্যিক উৎপাদন আরম্ভ হইতে প্রথম ১০ (দশ) বৎসর পর্যন্ত	১০০%
পরবর্তী ৩ (তিন) বৎসর পর্যন্ত	৫০%
পরবর্তী ২ (দুই) বৎসর পর্যন্ত	২৫%

(২৮৫৩১)

মূল্য : টাকা ৪.০০

শর্তাবলি:

- (ক) উক্ত আইনের সকল বিধানাবলি পরিপালন করিতে হইবে; এবং
- (খ) উক্ত নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বিদ্যুৎ উৎপাদনকারী ব্যক্তি বা কোম্পানির নবায়নযোগ্য জ্বালানি নির্ভর প্রতিটি প্রকল্প বা বিদ্যুৎ কেন্দ্রের জন্য বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর বিদ্যুৎ বিভাগের অনাপত্তি প্রয়োজন হইবে।
- ২। ২৯ অক্টোবর, ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর.ও. নং-৩৭৫-আইন/আয়কর-৫০/২০২৪ এতদ্বারা রহিত করা হইল।
- ৩। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৫ তারিখ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ

সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

অর্থ মন্ত্রণালয়

ও

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড।